গরমের দিনে শিশুর পোশাকের দিকে অবশ্যই খেয়াল রাখতে হবে। এসময়ে শিশুকে  হাতা কাটা  সুতির নরম ও পাতলা পোশাক পরাতে হবে। গরমে শিশুকে বেশিক্ষণ ডায়াপার না পরিয়ে রাখাই ভালো। খেয়াল রাখতে হবে, ভেজা ডায়াপার যেন শিশুর গায়ে বেশিক্ষণ না থাকে। কেননা এর থেকে  ঘামাচি ও র‌্যাশ হওয়ার সম্ভাবনা থাকে। অনেক সময় র‌্যাশ বেশি হয়ে গেলে ঘা হয়ে যেতে পারে। সে ক্ষেত্রে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিতে হবে।
শিশুর চুলের যত্ন
এসময় আপনার শিশুর চুলের প্রতিও বিশেষ যত্ন নিন। গরমে শিশুদের চুলের ঘোড়া ঘেমে যায় সাথে ধুলাবালির আক্রমণও রয়েছে। নিয়মিত পরিষ্কার না করলে এ থেকে মাথায় খুশকি ও  ঘামাচিসহ নানা ধরনের চর্মরোগ হতে পারে। তাই গরমের শুরু থেকেই শিশুর চুল ছোট রাখতে হবে। চুল ফেলে দিলে আরো ভালো হয়।
শিশুর স্বাস্থ্য
গরমের দিনে শিশুর স্বাস্থ্যের বিষয়ে বিশেষ খেয়াল রাখতে হবে। শিশুকে ঠাণ্ডা রাখার জন্য ঘরে যেন প্রচুর আলো-বাতাস ঢুকতে পারে সেই ব্যবস্থা করতে হবে।  তাই বলে ঠাণ্ডার জন্য এসি ব্যবহার করা যাবে না। ঘুমানোর সময় মশারি ব্যবহার করতে হবে। শিশুর সুস্থতার জন্য ঘর পরিষ্কার রাখতে হবে। কোনো রকম শারীরিক সমস্যা দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

## Edited Draft

শিশু মাত্রই যত্নের দরকার প্রতিটি মুহূর্তে। তবে অন্যান্য সময়ের তুলনায় গরমে শিশুর দরকার একটু বাড়তি যত্ন। এই সময়ের সঙ্গে মানিয়ে নিতে শিশুদের জন্য কষ্টকর হয়ে ওঠে। ফলে নানারকম শারীরিক অসুস্থতা দেখা দেয়।
তাই কীভাবে যত্ন নিলে গরমে শিশুর জন্য আরামদায়ক হবে জেনে রাখা ভালো।
খাদ্য তালিকা নির্বাচন
গরমে শিশুরা অনবরত ঘামতে থাকে। ফলে শিশুর শরীর থেকে প্রয়োজনীয় লবণ ও পানি বের হয়ে যায়। এ সময়ে শিশুর প্রয়োজন প্রচুর পরিমাণে পানি ও তরল খাবার। গরমে শিশুদের খাদ্য তালিকায় রাখতে হবে হালকা ও সহজ পুষ্টিকর খাবার। তাকে যথেষ্ট পরিমাণে পানি পান করাতে হবে। গরমকালে বিভিন্ন রসালো ফল পাওয়া যায়। এসব ফলের জুসও খাওয়াতে পারেন। সেই সঙ্গে ডাবের পানি, স্যালাইনও দিতে পারেন। ছয় মাস বয়সী শিশুদের জন্য মায়ের বুকের দুধের পাশাপাশি পানি ও অন্যান্য খাবারও দিতে পারেন। গরমে মাছ-মাংস একটু কম খাওয়ানোই উচিত। তবে খেয়াল রাখতে হবে গরমের দিনে শিশুদের বাইরের খাবার দেওয়া যাবে না।
প্রতিদিন গোসল করাতে হবে
গরমের সময়ে শিশুকে প্রতিদিন নিয়ম করে গাসল করাতে হবে। গোসলের পানির সঙ্গে কয়েক ফোঁটা স্যাভলন মিশিয়ে নিতে পারেন। তেল বা লোশন ব্যাবহার না করে, শিশুর শরীরের ভাঁজযুক্ত জায়গায় বেবি পাউডার লাগাতে হবে। কেননা এই সময়টায় শিশুর শরীরে ঘামাচি ও র‌্যাশ হওয়ার প্রবণতা বেশি থাকে।
আরামদায়ক পোশাক ও স্বাস্থ্যের প্রতি যত্ন
গরমের দিনে শিশুর পোশাক যেন হয় আরামদায়ক। এ সময়ে শিশুকে হাতা কাটা সুতির নরম ও পাতলা পোশাক পরাতে পারেন। শিশুকে বেশিক্ষণ ডায়াপার না পরিয়ে রাখাই ভালো। খেয়াল রাখতে হবে, ভেজা ডায়াপার যেন শিশুর গায়ে বেশিক্ষণ না থাকে। কেননা এর থেকে ঘামাচি ও র‌্যাশ হওয়ার সম্ভাবনা থাকে। অনেক সময় র‌্যাশ বেশি হয়ে গেলে ঘা হয়ে যেতে পারে। সে ক্ষেত্রে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিতে হবে।
চুলের যত্ন
এ সময় আপনার শিশুর চুলের প্রতিও বিশেষ যত্ন নিন। গরমে শিশুদের চুলের গোড়া ঘেমে যায় সঙ্গে ধুলাবালির আক্রমণও রয়েছে। নিয়মিত পরিষ্কার না করলে এ থেকে মাথায় খুশকি ও ঘামাচিসহ নানা ধরনের চর্মরোগ হতে পারে। তাই গরমের শুরু থেকেই শিশুর চুল ছোট রাখতে হবে। চুল ফেলে দিলে আরও ভালো হয়।

**Published Copy**

৮

লাইফ স্টাইল

সাম্প্রতিক দেশকাল

ঈদ কেনাকাটায় সতর্ক থাকুন

ইফতারির মজাদার রেসিপি

চিকেন হালিম

গারলিক রুটি

ফালুদা

গরমে শিশুর যত্ন

**Figure 8.1: Screenshot of the news**

সাম্প্রতিক দেশকাল

গরমে শিশুর যত্ন

**Figure 8.2: Screenshot of the news**

**Link:**
**https://shampratikdeshkal.com/parenting/news/210543934/%E0%A6%97%E0%A6%B0%E0%A6%AE%E0%A7%87-%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%81%E0%A6%B0-%E0%A6%AF%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%A8**

**My Challenges**

- It was quite tough for me to understand the writing pattern they use.
- Finding out an eye catching picture for the news was quite challenging for me.
- I gather a lot of information and it was quite a challenge for me.

**My Learning**

- I learned, I have to be more serious and creative to write a good story.
- I learnt professional feature writing
- I developed my writing skills.

## Internship Outcome

Internship gives the experience and knowledge required to succeed in a particular academic sector. It provides opportunities for learning new things and aids in the adoption of new policies. Working as an intern of Shampratik Deshkal, in such a short period of time has been a rewarding experience for me. I enhanced my abilities and learned different methods. This internship project assisted me in identifying my weaknesses and talents, as well as in dealing with pressure.

When I joined Shampratik Deshkal as an intern, I had some expectations. I learn many new things from this internship project. These are:

- I improve my previous writing pattern.
- I increase my network skill.
- I developed my communication skill.
- I learn work under pressure in a professional environment.
- I improve time management skill
- I increase my creative thinking.
- I learn the proper way of taking interview.
- I learn the professional behaviour.
- Through this internship project, I have become responsible.

**Workplace Log**



March 8, 2021

⊗ Reading news

⊗ Writing news

→ ইন্টার্নশিপে যা করতে হবে

March 9, 2021

⊗ Editing news

→ ইন্টার্নশিপে যা করতে হবে

⊗ Reading news

March 10, 2021

⊗ Writing news

→ অ্যালোভেরা দিয়ে ত্বকের যত্ন

**Figure 1: Image of worklist**



March 11, 2021

⊗ Writing interview Questions for আকিব খান এবং হিমাদ্রিতা পর্না

⊗ Editing interview Questions

⊗ Taking interview to Himadrita Porna

⊗ Writing the interview

March 14, 2021

⊗ Writing and Editing news

⊗ Editing picture

→ পাঁচ বছরের শিশুকে ধর্ষণের চেষ্টা

→ বাড়ি নির্মাণ প্রকল্পে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ

→ [illegible] হোটেলে সাপ্তাহিক সম্মেলনে পুলিশের হানা

March 15, 2021

⊗ Writing news and Editing news

⊗ Editing Picture

⊗ Finding Picture

→ কক্সবাজারে বিজিবির মামলা [illegible]

→ কুমিল্লায় [illegible] কর্মকর্তাসহ চারজনের নামে [illegible] অভিযোগ

→ অফিসে কাজের ফাঁকে ব্যায়াম

→ নাটোরে সড়ক দুর্ঘটনায় চালক নিহত

March 16, 2021

⊗ Writing news, Press Release and Editing news

⊗ Editing Picture

⊗ Finding Picture

→ [illegible] ব্যাংকের পক্ষ থেকে অভিনন্দন

→ মাগুরায় ছাত্রীদের [illegible] ২০ হাজার টাকা জরিমানা

→ [illegible]

→ জামালপুরে স্কুল চালু রাখায় ৫০ হাজার টাকা জরিমানা

**Figure 2: Image of worklist**




**Figure 3: Image of worklist**




**Figure 4: Image of worklist**




**Figure 5: Image of worklist**




**Figure 6: Image of worklist**


April 18, 2021

Reading news

Editing news

Uploading news on online

April 19, 2021

Reading news

Editing News, Picture

Uploading news on online

**Figure 7: Image of worklist**


20 April, 2021

Reading news

Writing news

Editing picture

April 21, 2021

Reading News, Article

Writing news, article

April 22, 2021

Reading news

Editing news

**Figure 8: Image of worklist**




**Figure 9: Image of worklist**




**Figure 10: Image of worklist**




**Figure 11: Image of worklist**

**Self-Assessment Form**

MSJ043

**SELF-ASSESSMENT FORM**

The purpose of this survey is to obtain students input on how they think they have performed.

Name of Intern: _Fariha Jannat Kuasha___________

University ID: ___171012028__________

| | | | |
|---|---|---|---|
| Name of the Institute/Organization: | Shampratik Deshkal | | |
| Corporate Office Address: | House No.10/22 Iqbal Road, Mohammadpur Dhaka - 1207, Bangladesh | | |
| Email: | info@shampratikdeshkal.com | Web: | www.shampratikdeshkal.com |

1. During a typical week, approximately how many hours did you dedicate to your internship?

2. Was your internship paid? If yes, how much?

Yes, 2000

3. Was your site supervisor available to meet when needed? Tick any one of the following.

☐Not at all ☐Slightly ☐Moderately ☐Quite a bit **☐A great deal**

4. Next, we would like to know how you were affected by your internship. Using the scale below, please indicate the degree to which participation in your internship experience increased or strengthened your abilities, attitudes, awareness or understanding in each of the areas identified:

1=Not at all 2=Slightly 3=Moderately 4=Quite a bit 5=A great deal

| NO | CRITERIA (Personal) | RATING |
|---|---|---|
| 1 | I have a sense of satisfaction in doing something worthwhile. | 4 |
| 2 | I believe in my ability to make a difference. | 4 |
| 3 | I am open to new experiences. | 5 |

| | | |
|---|---|---|
| 4 | I have gained the capacity to be more productive. | 5 |
| 5 | I can recognize my personal strengths. | 5 |
| 6 | I can recognize my personal weaknesses. | 5 |
| 7 | I have a sense of personal achievement. | 4 |
| 8 | I have the ability to persevere in difficult tasks | 4 |
| NO | CRITERIA (Social/Interpersonal Impact) | |
| 9 | I demonstrate concern for the welfare of others | 4 |
| 10 | I can be understanding and appreciative of people with diverse backgrounds | 4 |
| 11 | I have the ability to work cooperatively with others | 5 |
| 12 | I have the ability to communicate effectively | 5 |
| 13 | I have increased my ability to be a leader | 4 |
| 14 | I feel more connected to my community | 5 |
| NO | CRITERIA (Academic learning impact) | |
| 15 | I have acquired knowledge from the job duties I performed | 5 |
| 16 | I have broadened my critical thinking skills (reasoning, problem solving) | 4 |
| 17 | I have learnt the ability to work independently | 5 |
| 18 | I feel my classroom learning was enriched | 4 |
| 19 | I have the ability to connect academic subject matter to the real world. | 4 |
| NO | CRITERIA (EMPLOYMENT/JOB SPECIFIC IMPACT) | |
| 20 | I developed specialised technical skills for a specific job function | 4 |
| 21 | I broadened my future employment possibilities | 4 |
| 22 | I received an opportunity to explore a specific career | 4 |
| 23 | I developed realistic ideas about the work world | 5 |
| 24 | I narrowed my future possible career choices. | 5 |
| 25 | **What is your average score from this test?** | 4.48 |

5. General Comments

| |
|---|
| During my internship period I improved my weaknesses. I learn many skills and I believe this experience will help me in future. |




Signature of Intern

## Professional Competencies

I learned a lot of skills and completed a lot of assignments while working at Shampratik Deshkal. During my internship, I really tried to work hard in the workplace. Throughout this internship course, I worked on improving my weakness.

Some of the most valuable skills I've learned from my organization are mentioned below:

- **Communication**

  I developed my communication skill and increase my network skill. I make good relationship with my origination’s people and others media peoples.

- **Knowledge**

  I increase my knowledge during this internship period. I increase my creative knowledge.

- **Responsibility**

  I have become responsible towards my works and my duties.

- **Learning**

  I have learn most of the valuable things. I learn image editing, news editing, time management, deal with problems, keep patient under pressure.

**Some Moments at Shampratik Deshkal**

Shampratik Deshkal's internship experience was unforgettable for me. I had a great time working with my colleagues. They were too supportive. They guided me at work. I have lots of memory with them. I will miss my internship period.

Now, I'm sharing beautiful memories in Shampratik Deshkal that will always be special for me.



**Figure 1: My desk**

**Figure 2: Break time**

**Figure 3: Moumita's last day at office**

## Appendix



১০-০৩-২১
শাকিব খান
(ঈদ সংখ্যায় শাকিব খান সাক্ষাৎকারের প্রশ্ন )
অ্যাসাইনমেন্টন: ফারিহা জান্নাত

১. আপনি বর্তমানে কোন ছবির শুটিং করছেন?
২. সাম্প্রতিক সময়ে কী কাজ নিয়ে ব্যস্ত আছেন?
৩. কোন ধরনের চরিত্রে অভিনয় করতে স্বাচ্ছন্দ্যবোধ করেন আপনি?
৪. সাম্প্রতিক সময়ের দেশের ফিল্ম ইন্ডাস্ট্রি নিয়ে আপনার মন্তব্য কি?
৫. এপার বাংলা এবং ওপার বাংলায় আপনার পছন্দের নায়িকা কে?
৬. ছবি মুক্তির পর এখনও কি চিন্তা হয়, দর্শকদের থেকে ফিডব্যাক আসবে কিনা?
৭. কমার্শিয়াল ছবির কাজই করছেন। অন্য ধারার ছবিতে অভিনয় করা প্রসঙ্গে আপনার ভাবনা কি?
৮. আপনি যৌথ প্রযোজনার অনেক ছবি করেছেন বাংলাদেশ ও ভারতের কাজের মধ্যে কী কী পার্থক্য দেখতে পান?
৯. যৌথ প্রযোজনার সিনেমাগুলোতে ভারতীয় দর্শকদের থেকে কেমন সাড়া পাচ্ছেন?
১০. সুপারস্টার প্রসেনজিৎ, জিৎ, দেবদের মাঝেও আপনি জায়গা করে নিচ্ছেন। এই ব্যাপারে আপনার অনুভূতি কি?
১১. কয়েক বছর ধরে, আপনি ঢালিউডের কিং উপাধিটি ধরে রেখেছেন। এটা সম্পর্কে কিছু বলুন?
১২. বাংলাদেশের চলচ্চিত্রে নতুন কোন নায়কের আপনার জায়গায় আশার সম্ভাবনা দেখছেন?
১৩. সমালোচকদের তীর্যক কথা কখনো কখনো শুনতে হয় আপনাকে। এ বিষয়টিকে আপনি কীভাবে নেন ?
১৪. ছেলেবেলার ঈদ নিয়ে মজার কোনো স্মৃতি আছে কিনা?
১৫. ঈদে আপনার সময় কীভাবে কাটে ?

১০/৩/২১
মাহমুদ সালেহীন
বিভাগীয় সম্পাদক
(ফিচার)



Content List

- নতুন ভার্চুয়াল শো ২৯ এপ্রিল থেকে শুরু
- ৫ বছর পর অভিনয়ে সাবিনা চৌধুরী
- করোনা সচেতনতা নিয়ে গান গাইলেন তাহসান
- ইউনিসেফের ভ্যাকসিন চ্যাম্পিয়ান মেহেজাবিন
- রাজনীতির জন্য ১০ বছর নষ্ট করে পর্দায় ফিরেছেন দেবশ্রী
- মাইকেল জ্যাকসনের বিরুদ্ধে অভিযোগ প্রমানিত হয়নি।
- ভারতের জন্য ভ্যাকসিন চেয়ে ট্রলের শিকার প্রিয়াঙ্কা

**রাজশাহীতে কেজি দরে তরমুজ বিক্রয়ে নিষেধাজ্ঞা**

রাজশাহীতে আজ বুধবার (২৮ এপ্রিল) থেকে কেজি দরে তরমুজ বিক্রিতে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৭ এপ্রিল) নগরীল শালবাগান, ভদ্রা, তালাইমারী, বিনোদপুরসহ বিভিন্ন এলাকায় তরমুজের আড়ত পরিদর্শনে গিয়ে এমনটি জানিয়ে এসেছেন জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিজিত সরকার ও কৌশিক আহমেদ। এখন থেকে খুচরা কিংবা পাইকারি বাজারে কেজি দরে তরমুজ বিক্রি করলেই বিক্রেতাদের পড়তে হবে শাস্তির মুখে।

অভিযানের টের পেয়ে আড়ত বন্ধ করে পালিয়ে যান অধিকাংশ আড়ৎদার। যারা ছিলেন তাদের সাথে তরমুজের দাম নিয়ে কথা বলেন নির্বাহী ম্যাজিস্ট্রেট। ওই সময় জেলা প্রশাসনের তরফ থেকে জানানো হয়, আজ থেকে কেজি নয়, তরমুজ বিক্রি করতে হবে পিস হিসেবেই। যাতে ক্রেতারা দাম করার সুযোগ পান। ফলে দাম কমে আসবে। কিন্তু তাতে আপত্তি জানান অধিকাংশ আড়ৎদার। তাদের ভাষ্য, কেজি দরে তরমুজ বিক্রি করলেই দাম কমবে, এমনটি সঠিক নয়। কেজি দরে বিক্রি করলেই বরং ধীরে ধীরে বাজার নিয়ন্ত্রণে আসবে। তবে জেলা প্রশাসনের নির্দেশ অমান্য করলে কঠোর ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

এদিকে, দুই সপ্তাহ ধরেই রাজশাহীর বাজারে তরমুজের দাম বেশ চড়া। ৬০ থেকে ৭০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে তরমুজ। মূলত রাজশাহী ও এর আশপাশে তরমুজ উৎপাদন কম হওয়ায় তরমুজ আসছে বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, খুলনাসহ দক্ষিনাঞ্চল থেকে। ফলে তরমুজের স্থানীয় বাজার পাইকারি বিক্রেতাদের নিয়ন্ত্রণে।

কয়েকজন খুচরা তরমুজ বিক্রেতা বলেন, রাজশাহীর আড়ৎদারদের সিন্ডিকেট তরমুজের দাম বাড়িয়েছে। তরমুজের চাহিদা প্রচুর। চালান আসার পরপরই বিক্রেতারা হুমড়ি খেয়ে পড়ছেন। এই সুযোগে দাম বাড়াচ্ছেন আড়ৎদাররা।

তারা আরো বলেন, প্রতি মণ তরমুজ তারা আড়ত থেকে দুই হাজার টাকায় কেনেন। সাথে যোগ হয় গাড়িভাড়া ও শ্রমিকের খরচ। তারা বিক্রি করেন দুই হাজার ৪০০ টাকায়। কেজি প্রতি দাম পড়ে ৬০ টাকা। একটি বড় সাইজের তরমুজের দাম অন্তত ৬০০ টাকা। যা সাধারণের ক্রয় ক্ষমতার বাইরে।

এদিকে, তরমুজের বাজার নজরদারিতে নেমেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের রাজশাহী বিভাগীয় কার্যালয়। প্রতিষ্ঠানটির সহকারী পরিচালক হাসান আল মারুফ গতকাল মঙ্গলবার (২৭ এপ্রিল) নগরীর বিভিন্ন এলাকার তরমুজের দোকান ঘুরে দেখেন। এ সময় নগরীর সাহেববাজার এলাকার সাহাবুল ফল ভান্ডারে বাড়তি দামে তরমুজ বিক্রির প্রমাণ পায় ভোক্তা অধিকার। এছাড়া পণ্যের মূল্য তালিকাও টানাননি বিক্রেতা। এই অভিযোগে বিক্রেতাকে দুই হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত।

সহকারী পরিচালক মারুফ বলেন, নির্ধারণ না থাকায় বাড়তি দামে তরমুজ বিক্রির বিষয়টি প্রমাণ করার সুযোগ নেই। তবুও তারা বাজারে নজরদারি চালাচ্ছেন। গতকাল ব্যবসায়ীদের সর্তক করে এসেছি। পরে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

তিনি আরো বলেন, মূলত স্থানীয় ফলের আড়ৎদাররা কমিশনে ব্যবসা করেন। বিভিন্ন এলাকার ব্যাপারীরা তাদের কাছে তরমুজ বিক্রি করেন। খুরচা বিক্রেতারা পাইকারি বিক্রেতাদের কাছ থেকে তরমুজ কেনেন। কেজিতে ৮ থেকে ১০ টাকা লাভ রেখে তরমুজ বিক্রি করেন খুচরা বিক্রেতারা।

**Link**

https://shampratikdeshkal.com/district-news/news/210443573/%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%9C%E0%A6%B6%E0%A6%BE%E0%A6%B9%E0%A7%80%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%95%E0%A7%87%E0%A6%9C%E0%A6%BF-%E0%A6%A6%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%A4%E0%A6%B0%E0%A6%AE%E0%A7%81%E0%A6%9C-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B7%E0%A7%87%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%9C%E0%A7%8D%E0%A6%9E%E0%A6%BE

**নেত্রকোণায় স্ত্রীকে গলা কেটে হত্যার চেষ্টা**

নেত্রকোণায় যৌতুকের জন্য স্বামীর বিরুদ্ধে দা দিয়ে স্ত্রীর গলা কেটে হত্যার চেষ্টার অভিযোগ উঠেছে।

গতকাল বুধবার (২৯ এপ্রিল) গৃহবধূর বাবা থানায় লিখিত অভিযোগ দিয়েছেন।

গৃহবধূ কলি (২২) মদন পৌরসভার রাসেল মিয়ার স্ত্রী। তার বাবার বাড়ি মদন সদরের বাড়িভাদেরা গ্রামে।

এক বছর আগে রাসেল প্রেমের ফাঁদে ফেলে আদালতের মাধ্যমে কলিকে বিয়ে করেন। কিছুদিন যেতে না যেতেই রাসেল কলিকে তার বাবার বাড়ি থেকে যৌতুকের টাকা এনে দেয়ার জন্য চাপ দিতে থাকেন। গরিব মা-বাবার পক্ষে যৌতুকের টাকা দেয়া সম্ভব নয় জানালে রাসেল তার স্ত্রীর উপর নির্যাতনের মাত্রা দিন দিন বাড়াতে থাকে।

গত মঙ্গলবার রাতে যৌতুকের টাকা এনে দেয়ার জন্য আবার চাপ দিলে তার স্ত্রী অপারগতা প্রকাশ করেন।

তখন রাসেল তার গলায় দা দিয়ে আঘাত করে হত্যার চেষ্টা চালায়। এ সময় তার স্ত্রীর চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে ঘর থেকে তাকে উদ্ধার করে মদন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

কলি বলেন, আমাকে বাবার বাড়ি থেকে টাকা এনে দেয়ার জন্য প্রায় মারপিট নির্যাতন চালায়। মঙ্গলবার আমাকে আবার টাকা আনতে চাপ দিলে আমি না করি। তখন আমাকে মারপিট করে দা দিয়ে গলায় আঘাত করে।

মদন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক সৈয়দ সায়েম হাসান জানান, ওই নারীর হাতে, বুকে, পিঠে, গলায় আঘাতের চিহ্ন রয়েছে। তাকে প্রয়োজনীয় চিকিৎসা দেয়া হচ্ছে।

মদন থানার পরিদর্শক (তদন্ত) উজ্জ্বল কান্তি সরকার বলেন, তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

রাসেলের মোবাইল ফোনে একাধিক বার যোগাযোগ করেও সাড়া না পাওয়ায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

Link
https://shampratikdeshkal.com/district-news/news/210443673/%E0%A6%AF%E0%A7%8C%E0%A6%A4%E0%A7%81%E0%A6%95%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%80%E0%A6%95%E0%A7%87-%E0%A6%97%E0%A6%B2%E0%A6%BE-%E0%A6%95%E0%A7%87%E0%A6%9F%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%9A%E0%A7%87%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%9F%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%85%E0%A6%AD%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97

**চট্টগ্রামে আওয়ামী লীগ নেতা হত্যা মামলার প্রধান আসামি গ্রেফতার**

চট্টগ্রাম রাঙ্গুনিয়া উপজেলায় হেফাজতের হামলায় আওয়ামী লীগ নেতা মুহিব্বুল্লাহ নিহতের ঘটনায় করা মামলার প্রধান আসামি মো. ইউনুছ মনিকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার (৩ মে) বেলা ১১টার দিকে উপজেলার শিলক ইউনিয়নের নটুয়ার টিলা এলাকার একটি দুর্গম পাহাড় থেকে তাকে গ্রেফতার করা হয়।

ইউনুছ রাঙ্গুনিয়া উপজেলার কোদালা সেনবাড়ি এলাকার মৃত নূর হোসেনের ছেলে। তিনি রাঙ্গুনিয়া উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও যুদ্ধাপরাধে অভিযুক্ত সাবেক বিএনপি নেতা সালাউদ্দিন কাদের চৌধুরীর আস্থাভাজন ছিলেন বলে জানা গেছে।

রাঙ্গুনিয়া সার্কেলের সহকারী পুলিশ সুপার (এএসপি) আনোয়ার হোসেন শামীম বলেন, মুহিব্বুল্লাহ হত্যা মামলার প্রধান আসামি ইউনুছ দীর্ঘদিন ধরে আত্মগোপনে ছিলেন। তাকে গতকাল উপজেলার একটি দুর্গম পাহাড়ে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে।

গত ৩ এপ্রিল হেফাজতে ইসলামের যুগ্ম মহাসচিব মামুনুল হক নারায়ণগঞ্জের একটি রিসোর্টে নারীসহ অবরুদ্ধের খবরে রাঙ্গুনিয়ার কোদালায় বিক্ষোভ মিছিল বের করেন সংগঠনটির সমর্থকরা। ওই মিছিল থেকে আওয়ামী লীগ নেতা মুহিবুল্লাহর ওপর হামলা চালানো হয়। হামলায় আহত হয়ে গত ৬ এপ্রিল চট্টগ্রামের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

Link

https://shampratikdeshkal.com/district-news/news/210544019/%E0%A6%9A%E0%A6%9F%E0%A7%8D%E0%A6%9F%E0%A6%97%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%AE%E0%A7%87-%E0%A6%86%E0%A6%B2%E0%A7%80%E0%A6%97-%E0%A6%A8%E0%A7%87%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%B9%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%A8-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%BF-%E0%A6%97%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87%E0%A6%AB%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%B0

**৮০বছর অন্যের খবর পৌঁছে দিলেও এখন কেউই নেয় না তার খবর**

লাখো মানুষের সুখ দু:খের খবর ফেরি করেছি। কিন্ত আমার কষ্টের খবর কেউ ফেরি করে না আক্ষেপ করে কথা বলছিলেন, লক্ষ্মীপুরের সৈয়দ হকার। ১১১ বছর বয়সী সৈয়দ আহম্মেদ। পেশায় তিনি ছিলেন একজন পত্রিকা বিক্রেতা। ৮০ বছর যাবত লক্ষ্মীপুরে পথে ঘাটে পত্রিকা নিয়ে হাজির হতেন মানুষের ধারে। স্থানীয়ভাবে সৈয়দ হকার নামের এই ব্যক্তি জীবনের ৮০ বছর কাটিয়ে দিয়েছেন পত্রিকা বিক্রি করে। এদিকে স্থানীয় পত্রিকা সংশ্লিষ্টদের দাবি, বাংলাদেশে সবচেয়ে আদি পত্রিকা বিক্রেতা সৈয়দ আহম্মেদ।

তার পুরো নাম সৈয়দ আহম্মদ ভূইঁয়া। জাতীয় পরিচয়পত্রে তার জন্ম তারিখ ১ মার্চ ১৯১১ সাল। লক্ষ্মীপুর পৌরসভার বাঞ্চানগরের মকরম আলীর ছেলে সৈয়দ আহম্মদের জীবিত ছয় ছেলে ও মেয়েরাও ষাটোর্ধ্ব বয়সী। ছেলেদের কোনোভাবে সংসার চললেও ষাট বছর বয়সী স্বামী পরিত্যক্ত দুই মেয়ে আর শতবর্ষী স্ত্রীসহ চারজনের ভরণ পোষণের দায়িত্ব এখনো তার ঘাড়ে। নিজের আর স্ত্রীর বয়স্কভাতা ছাড়া অন্য কোনো আয় নেই এ বৃদ্ধের।

তবুও সৈয়দ আহম্মদ এখনো লাঠিতে ভর করে লক্ষ্মীপুর শহরে ঘুরে বেড়ায় জীবিকার সন্ধানে। চোখে ঠিকমতো না দেখলেও তিন বেলা আহারের খোঁজে প্রতিদিনই বের হয় পথে ঘাটে। পুরনো পত্রিকার গ্রাহকরা তাকে দেখলেই জড়িয়ে ধরে সান্তনা দেন।

গত বৃহস্পতিবার (২৯ এপ্রিল) দুপুরে লক্ষ্মীপুর শহরে তার অতীতের কর্মস্থল রহমানিয়া প্রেসে কথা হলে এ প্রতিবেদকের কাছে তিনি জীবনের নানা বিষয় তুলে ধরেন। এসময় বিভিন্ন পত্রিকার পাতা উল্টিয়ে পাল্টিয়ে দেখতে দেখতে চোখের দুকোণে জলগড়িয়ে পড়ে তার।

প্রবীণ সাংবাদিক আব্দুর রাজ্জাক চৌধুরী জানায়, বর্তমান লক্ষ্মীপুর জেলার পূর্বের লক্ষ্মীপুর থানার সব সময়ের হাজার ঘটনার স্বাক্ষী ছিলো খবরের ফেরিওয়ালা সৈয়দ আহম্মদ । পাঠকের কাছে পত্রিকা পৌঁছে দেয়াই ছিল তার কাজ। বাম হাতে একটি লাঠি আর কাঁধে ব্যাগ, পরনে পুরোনো বিবর্ণ শার্ট, লুঙ্গি ডান হাতে পত্রিকা  নিয়ে ঘুরে ফিরতেন অলিগলি। কখনো কখনো লক্ষ্মীপুর শহরের পুলের উপরে বসেও পত্রিকা বিক্রি করতেন তিনি। কিন্তু তার কাঁধে ঝোলানো আছে সে ব্যাগ আর পরনে পুরোনো বিবর্ণ শার্ট, লুঙ্গি ও ডান হাতে লাঠি ও আছে। কিন্তু নেই শুধু পত্রিকা। এখন তার সময় যাচ্ছে কষ্টে।

লক্ষ্মীপুর পত্রিকা হকার সমিতির সভাপতি আনোয়ার জানান, পত্রিকার আয়ে তার সংসার চলতো। কিন্তু গত কয়েক বছর যাবত পত্রিকা বিক্রি করতে পারছেন না তিনি। সেকারণে এখনো শীর্ণ দেহে প্রতিদিনই বের হন মানুষের সহযোগিতার আশায়। বহু দিনের পরিচিত পাঠকরা কেউ কেউ কিছু সহযোগিতা করেন। এভাবে যা পান, তা দিয়েই চলে তার।

রহমানিয়া প্রেসে বসে সৈয়দ আহম্মদ জানান, কর্মজীবনের শুরুতে প্রথমে নৌকায় কাজ করতেন। এরপর স্থানীয় এক মাওলানার সহযোগিতায় প্রায় ৮৫ বছর আগে পত্রিকা বিক্রির কাজ শুরু করেন তিনি। সন-তারিখটা ঠিক মনে করতে পারছিলেন না। তবে ইংরেজ আমলে ভারতীয় পয়গাম পত্রিকা বিক্রি করেছেন। পরে আজাদ, ইত্তেফাক, যুগশঙ্খ আর সংবাদ পত্রিকা বিক্রি করতেন। দুই পয়সা, চার পয়সায় পত্রিকা বিক্রি শুরু করেছিলেন তিনি।

সৈয়দ আহম্মদ আরো জানান, সে সময়ে ছোট এ লক্ষ্মীপুরে সরাসরি পত্রিকা আসতো না। নোয়াখালীর চৌমুহনীতে রেলগাড়িতে পত্রিকা আসতো। সেখান থেকে বাসে করে লক্ষ্মীপুরে পত্রিকা নিয়ে আসতেন। তারপর তা পাঠকের হাতে পৌঁছে দিতেন প্রকাশের তিন-চার দিন পরে। প্রতিদিন পত্রিকা পৌঁছে দেয়াও সম্ভব হতো না। কিছু সময় ডাকহরকররা পায়ে হেঁটে পত্রিকা পৌঁছে দিতো। তখনও সকালবেলার পত্রিকা আসতে সন্ধ্যা হয়ে যেত। সন্ধ্যার সময় পত্রিকা বিক্রির জন্য বের হতেন তিনি।

এভাবে নিজের অজান্তেই পত্রিকার সাথে নিজের জীবনকে পুরো জড়িয়ে নেন সৈয়দ আহম্মদ। তারপর টানা প্রায় ৮০ বছর পত্রিকা বিক্রির সাথেই ছিলেন। শারীরিক অসুস্থতার কারণে গত

কয়েক বছর থেকে আর পত্রিকা বিক্রি করতে পারছে না। কিন্ত অভ্যাসের কারণে প্রায় প্রতিদিনই এজেন্সিতে আসেন তিনি। পত্রিকা না পড়তে পারলেও উল্টিপাল্টিয়ে দেখেন।
অতীতের প্রসঙ্গ তুলতেই সৈয়দ আহমেদ জানান, এ পত্রিকা বিক্রিকালেই তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ১৯৪৭ সালের ভারত ভাগ, ৫২-এর ভাষা আন্দোলন, ৭১-এর মুক্তিযুদ্ধ ও ৯০-এর গণআন্দোলনসহ সব ঐতিহাসিক আন্দোলনের স্বাক্ষী তিনি।
মুক্তিযুদ্ধের কথা জিজ্ঞেস করলে সৈয়দ আহম্মদ জানান, সে সময় ইত্তেফাক আর সংগ্রাম ছাড়া অন্য কিছু বিক্রি করতে পারতেন না। প্রথম দিকে নিজে নিজে পত্রিকা বিক্রি শুরু করলেও এক সময় তার প্রধান আশ্রয়দাতা হন লক্ষ্মীপুরের প্রয়াত সাংবাদিক ও রহমানিয়া প্রেসের প্রতিষ্ঠাতা সাংবাদিক গোলাম রহমান। গোলামের মৃত্যুর পর তার ছেলে মনোয়ার রহমান। মনোয়ারের পরে তার ছেলে রাকিব হোসেনের সাথেও দীর্ঘদিন ব্যবসা করেছেন তিনি।
রহমানিয়া প্রেসের পরিচালক রাকিব হোসেন জানান, ছোট বেলা থেকে দেখতাম প্রতিদিন সকাল সাড়ে ৭টা থেকে ৮টার মধ্যে রহমানিয়া প্রেসে চলে আসতেন সৈয়দ চাচা। মাঝে মাঝে সকালবেলা দোকান খুলতে এসে দেখতাম সৈয়দ চাচা বসে আছেন। প্রায় সময়ই তিনি আমাদের আগেই এসে বসে থাকতেন। অনেক সময় রাত পর্যন্তও তিনি পত্রিকা বিক্রি করতেন। পত্রিকার গাড়ি এসে পৌঁছালেই ব্যস্ত হয়ে পড়তেন। শুরু হয়ে যেতো তার কাজ। কাজের সময় তার সাথে কথা বলা সম্ভব হতো না।
তিনি আরো বলেন, চাচা ছিলেন কাগজে কলমে অশিক্ষিত কিন্তু তার হৃদয় ছিল আলোকিত। তার জীবনের অধিকাংশ সময় কেটেছে চরম দুঃখ কষ্টে। তবুও হৃদয়বান এ মানুষটি শিশুদের পাঠশালার জন্য দান করেছেন পৌরসভার চার শতক জমি। আর মুসল্লিদের জন্য দিয়েছেন মসজিদের জমি।
এসময় তিনি আক্ষেপ করে বলেন, যে মানুষটি আজীবন মানুষের নিকট জ্ঞান বিক্রি করেছেন, সমাজ আলোকিত করার চেষ্টায় লিপ্ত ছিলেন। কিন্তু তার শেষ দিনগুলো যাচ্ছে চরম কষ্টে। বিগত আট দশকের খবরের ফেরিওয়ালা সৈয়দ হকার এখন বার্ধক্য আর রোগ শোকে খুবই ক্লান্ত। এখন তার জীবন চলছে অত্যন্ত দু:খ কষ্টে। এক ছেলে আবুল কালাম (৬০) বাবার পেশা পত্রিকা বিক্রি ধরে রেখেছেন। কিন্ত বর্তমান প্রযুক্তির যুগে পত্রিকা বিক্রির পয়সায় তারও সংসার চলে না।
লক্ষ্মীপুর শহরের ঠিকাদারি ব্যবসায়ী ইসমাইল হোসেন পাঠান জানান, স্কুলজীবন থেকেই তিনি সৈয়দ আহম্মদকে পত্রিকা বিক্রি করতে দেখেছেন। তার বাবাও দেখেছেন। ছাত্র অবস্থায় তিনি বিনা পয়সায় তাকে পত্রিকা পড়তে দিতেন।
পত্রিকা পড়তে না পারলেও পত্রিকা বিক্রির প্রতি তার অসম্ভব ঝোঁক ছিল। মাঝে মধ্যে যেদিন পত্রিকা বের হতো না সেদিনও তিনি পুরোনো পত্রিকা নিয়ে বের হতেন। পত্রিকার প্রতি অন্য রকম নেশা ছিল তার। কারো কাছে তিনি সৈয়দ চাচা, কারো কাছে তিনি সৈয়দ নানা হিসেবে পরিচিত। শতবর্ষের এ আলোকিত মানুষটির জীবনে সব সময়ই নিত্যদিন সঙ্গী হচ্ছে অভাব। তবুও তিনি অত্যন্ত বড় হৃদয়ের মানুষ।

**Link**
**https://shampratikdeshkal.com/district-news/news/210543887/%E0%A7%AE%E0%A7%A6-%E0%A6%AC%E0%A6%9B%E0%A6%B0-%E0%A6%96%E0%A6%AC%E0%A6%B0-%E0%A6%AA%E0%A7%87%E0%A7%97%E0%A6%81%E0%A6%9B%E0%A7**

%87-%E0%A6%A6%E0%A6%BF%E0%A6%B2%E0%A7%87%E0%A6%93-%E0%A6%8F%E0%A6%96%E0%A6%A8-%E0%A6%95%E0%A7%87%E0%A6%89%E0%A6%87-%E0%A6%A8%E0%A7%87%E0%A7%9F-%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%96%E0%A6%AC%E0%A6%B0

**ফসল রক্ষায় ঝিনাইদহে কৃষকদের নতুন উদ্ভাবনী কৌশল**

ফসল রক্ষায় ঝিনাইদহে কৃষকদের নতুন উদ্ভাবনী কৌশল দেখা গেছে। যা অর্থনীতিতে নতুন সম্ভাবনার দুয়ার উন্মোচন করেছে। কৃষক বেড়া বানাচ্ছেন গো-খাদ্য নেপিয়ার ঘাস দিয়ে।

কৃষকদের দাবী আগে ফসল রক্ষার্থে তারা শুধুমাত্র বাঁশের তৈরি বেড়া ব্যবহার করতেন। তাতে ব্যয় হতো অধিক পরিমানে। তার চেয়ে বড় কথা বছর ঘুরতে না ঘুরতে সে বেড়াও বেশি দিন টিকতো না বা নতুন করে আবারো রিপেয়ার করা হতো। কিন্তু ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার মাঠে মাঠে এবার তার ভিন্নরুপ দেখা যাচ্ছে।

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার কৃষক বাবু মন্ডল। সে তার ১৬ শতক জমিতে পেয়ারার চাষ করেছিলেন। এই পেয়ারার চারা রোপনের সাথে সাথে ক্ষেতের আইলে নেপিয়ার ঘাষের চারাও রোপন করেন।

কৃষক বাবু জানান, পেয়ারা গাছ থেকে পেয়ারা বিক্রি করে যেমন পয়সা পেয়েছেন তেমনই আইলে থাকা ঘাষও বিক্রি করেছেন। কিছু ঘাষ বাড়িতে থাকা গরু-ছাগলের খাবার হিসেবে ব্যবহার করেছেন। এখনও তার ক্ষেতের আইলে এই ঘাষ রয়েছে। আগামীতে ওই জমিতে ঝাল গাছ লাগাবেন। ঝাল বিক্রির পাশাপাশি ঘাষও বিক্রি করবেন বলে আশা করছেন তিনি।

বাবু মন্ডল একা নন, বিভিন্ন এলাকার মাঠে কৃষকরা তাদের ক্ষেতের ফসল রক্ষায় বেড়া হিসেবে নেপিয়ার ঘাষ বেছে নিয়েছেন। মাঠের পর মাঠ এই ঘাষ লাগিয়ে তা দিয়ে বেড়া তৈরি করে ফসলের ক্ষেত ঘেরা হয়েছে।

ফসল রক্ষার্থে কৃষকদের এমন উদ্ভাবনী কৌশল আরো দেখা মেলে কোটচাঁদপুর উপজেলার লক্ষিকুন্ডু, বলুহর, ফুলবাড়ি, এলাঙ্গী গ্রামের মাঠে।

কৃষক নজরুল ইসলাম জানান, গত তিন থেকে চার বছর হলো কৃষকরা নিজেরাই এই ঘাষ গাছ দিয়ে জমিতে বেড়া তৈরি শুরু করেছেন। তিনিও একটি জমিতে এই ঘাষের বেড়া দিয়েছেন। এভাবে তিনি ফসল রক্ষা করছেন।

বলুহর গ্রামের কৃষক বজলুর রহমান জানান, তিনি দুই বিঘা জমিতে কুলের চাষ করেছেন। সেই জমিতে ঘাষ দিয়ে বেড়া দিয়েছেন।

তিনি আরো জানান, প্রথমে ঘাষের চারা রোপন করতে হয়। অল্প সময়ে এটা বেড়ে ওঠে। দেড় থেকে দুই ফুট লম্বা হলেই বাঁশের চটা (সলা) দিয়ে বেঁধে দিতে হয়। এরপর ঘাষ গাছগুলো এতো শক্ত হয়ে যায় যে ইচ্ছা করলেও গরু-ছাগলে নষ্ট করতে পারে না।

কৃষি বিভাগের তথ্যানুযায়ী চলতি বছর কোটচাঁদপুর উপজেলায় প্রায় ১৩০০ বিঘা জমিতে এই ঘাষের চাষ হয়েছে।

এ বিষয়ে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা মো. মহাসিন আলী জানান, ঘাষ দিয়ে বেড়া তৈরি করছেন কৃষকরা। এটা তারা দেখেছেন। এটা অবশ্যই ভালো একটা কাজ। কৃষক এতে লাভবান হচ্ছেন। ক্ষেতের ফসল রক্ষার পাশাপাশি কৃষকরা জমির আইল থেকে পশুখাদ্য পেয়ে যাচ্ছেন।

**Link**
**https://shampratikdeshkal.com/district-news/news/210543883/%E0%A6%AB%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%B0%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%9D%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%87%E0%A6%A6%E0%A6%B9%E0%A7%87-%E0%A6%95%E0%A7%83%E0%A6%B7%E0%A6%95%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%A4%E0%A7%81%E0%A6%A8-%E0%A6%95%E0%A7%8C%E0%A6%B6%E0%A6%B2**

**মাতৃমৃত্যু কমানোর সফলতায় কাপাসিয়ার মডেল এখন জাতি সংঘের ২৭ টি দেশ**

গাজীপুরের কাপাসিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মোহাম্মদ আব্দুর রহিম উদ্ভাবিত দুইটি উদ্যোগ 'গর্ভবতীর আয়না' ও 'গর্ভবতীর গয়না'র মাধ্যমে মাতৃমৃত্যু মুক্ত হয়েছে। গাজীপুরের কাপাসিয়া উপজেলায় তিন বছরে মাতৃমৃত্যু শূন্যে নেমে এসেছে।

মাতৃমৃত্যু কমাতে কাপাসিয়া মডেলকে আদর্শ ধরে ১০০টি উপজেলায় তা বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে সরকার। বিশ্বমঞ্চেও গুরুত্ব পাচ্ছে এই মডেল। জনসংখ্যা ও প্রজননস্বাস্থ্য বিষয়ে সর্বোত্তম অনুশীলন (বেস্ট প্র্যাকটিস) হিসেবে এই মডেল জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ) মাধ্যমে বিশ্বের ২৭টি দেশে প্রদর্শনের জন্য নির্বাচিত হয়েছে।

মাতৃমৃত্যু কমাতে কাপাসিয়া মডেল বাস্তবায়নে গর্ভবতী মায়েদের ঝুঁকি, বয়সসহ ২৭ ধরনের তথ্য নিয়ে গড়ে তোলা হয়েছে তথ্যভান্ডার (ডেটাবেইস সফটওয়্যার), যা গর্ভবতীর আয়না নামে পরিচিত। এর পাশাপাশি আছে গর্ভবতীর নামের একটি স্বাস্থ্যনির্দেশিকা। গর্ভবতীর আয়না ও গর্ভবতীর গয়নার সমন্বয়ে চলছে পুরো কার্যক্রম।

২০১৭ সালের ৪ ডিসেম্বর থেকে মাতৃমৃত্যুমুক্ত কাপাসিয়া গড়ার কার্যক্রম চালাচ্ছে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। তাদের তথ্য বলছে, এই কার্যক্রম শুরুর আগের বছর ২০১৭ সালে কাপাসিয়ায় আট জন গর্ভবতী মায়ের মৃত্যু হয়েছিল। ওই বছর গর্ভবতী মা ছিলেন ছয় হাজার ৭০০। কর্মসূচি চালুর বছর ২০১৮ সালে মাতৃমৃত্যু নেমে আসে চার জনে। ওই বছর গর্ভবতী ছিলেন ছয় হাজার ৩০০ জন। ২০১৯ সালে একজন গর্ভবতী মা মারা যান। সে বছর গর্ভবতী মা ছিলেন ছয় হাজার ৩৫০ জন। আর ২০২০ সাল থেকে এখন পর্যন্ত কোনো গর্ভবতী মায়ের মৃত্যু হয়নি। গত বছর গর্ভবতী ছিলেন সাড়ে ছয় হাজার।

পুরো কার্যক্রম সমন্বয় করছেন কাপাসিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুর রহিম। ২৮ এপ্রিল তার কার্যালয়ে বসে কথা হয়। তার সামনের কম্পিউটারে একটি ডেটাবেইসের ড্যাশ বোর্ড (সংক্ষিপ্তসার) খোলা। একে বলা হচ্ছে গর্ভবতীর আয়না। তাতে দেখা যায়, বর্তমানে কাপাসিয়া উপজেলায় এক হাজার ১৬৯ জন গর্ভবতী নারী রয়েছেন। এর মধ্যে ঝুঁকিপূর্ণ ৬৩৬ জন। ২০১৮ সালের জানুয়ারি থেকে ১৪ মার্চ পর্যন্ত মোট নয় হাজার ২২৭ জন প্রসূতিকে সেবা দেয়া হয়েছে।

আব্দুর রহিম বলেন, বিভিন্ন তথ্যের ভিত্তিতে সফটওয়্যার স্বয়ংক্রিয়ভাবে ঝুঁকিপূর্ণ গর্ভবতী নির্ধারণ করে। ২০ বছরের নিচে, ৩৫ বছরের ওপরে, ৪ ফুট ১০ ইঞ্চির কম উচ্চতা, প্রথম গর্ভধারণ ও চতুর্থ গর্ভধারণ, নেগেটিভ ব্লাড গ্রুপ ইত্যাদি মানদণ্ডের মাধ্যমে ঝুঁকিপূর্ণ প্রসূতিদের চিহ্নিত করা হচ্ছে।

গর্ভধারণের সময় থেকে শুরু করে সন্তান প্রসবের ৪২ দিন পর্যন্ত অন্য কোনো দুর্ঘটনা ছাড়া কোনো নারীর মৃত্যুকে মাতৃমৃত্যু হিসেবে সংজ্ঞায়িত করা হয়।

২০১৭ সালে প্রকাশিত জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের (রিপোর্ট) সর্বশেষ জরিপ অনুযায়ী, বাংলাদেশে বর্তমানে মাতৃমৃত্যুর হার লাখে ১৯৬। অর্থাৎ এক লাখ জীবিত শিশুর জন্ম দিতে গিয়ে ১৯৬ জন মায়ের মৃত্যু হচ্ছে।

তবে পরিবার পরিকল্পনা অধিদফতরের মতে, বাংলাদেশে মাতৃমৃত্যুর হার ১৭৬।

জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে মাতৃমৃত্যু হার ৭০-এর নিচে নামিয়ে আনতে হবে। মাতৃমৃত্যুর প্রধান দুটি কারণ প্রসবকালে অতিরিক্ত রক্তক্ষরণ ও খিঁচুনি। যদিও কমপক্ষে চারবার প্রসবপূর্ব চেকআপ, সন্তান প্রসবের সময়ে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ দাই (স্কিলড বার্থ অ্যাটেনডেন্ট বা মিডওয়াইফারি) দ্বারা সন্তান প্রসব ও প্রসব-পরবর্তী সময়ে সঠিক পরিচর্যা মাতৃমৃত্যু রোধ করতে পারে। মাতৃমৃত্যুমুক্ত কাপাসিয়া মডেলে মূলত এই বিষয়গুলোকেই অন্তর্ভুক্ত করা হয়েছে।

গর্ভবতীর আয়নায় ৩৭ তথ্য উপজেলার ১১টি ইউনিয়নে কার্যক্রম চলমান। এর অধীনে উপজেলার প্রসূতিদের ৩৭টি প্রশ্নসংবলিত গর্ভবতীর তথ্য ফরম নামের একটি ফরম পূরণ করতে হয়। ইউনিয়ন পর্যায় থেকে স্বাস্থ্যকর্মীরা এই তথ্যগুলো গর্ভবতীর আয়না সফটওয়্যারে সংযোজন করেন। প্রত্যেক গর্ভবতী নারীর নিজস্ব শনাক্তকরণ নম্বর দেয়া হয়। সর্বশেষ মাসিকের তারিখ যুক্ত করার পর গর্ভবতীর চতুর্থ, ষষ্ঠ, অষ্টম ও নবম মাসের চারটি পরিদর্শনের তারিখ সফটওয়্যারে দেখানো হয়।

পরিদর্শনের তারিখের তিন দিন আগে গর্ভবতী নারীর মুঠোফোন নম্বরে বাংলায় খুদে বার্তা (এসএমএস) চলে যায়। বার্তায় সংশ্লিষ্ট ইউনিয়নের স্বাস্থ্যকর্মীর মুঠোফোন নম্বর দেয়া থাকে। যেকোনো বিষয়ে স্বাস্থ্যকর্মীর সাথে পরামর্শ করা যায়। পরিদর্শনের দিন সকালে স্বাস্থ্যকেন্দ্রে যাওয়ার অনুরোধসহ মুঠোফোনে ভয়েস কল যায়। ভয়েস কলের কণ্ঠটি সাংসদ সিমিন হোসেনের।

পারভীন আকতার গাজীপুরের কাপাসিয়ার কুড়িয়াদী গ্রামের বাসিন্দা। এপ্রিলের প্রথম সপ্তাহে তার প্রথম কন্যা সন্তানের জন্ম হয়েছে। নিয়মিত পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ কর্মী বাসায় যোগোযোগ করতেন ও গর্ভবতী হওয়ার পর থেকে চারবার স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে গেছেন স্বাস্থ্য পরীক্ষা করাতে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একবার আনুষঙ্গিক পরীক্ষা-নিরীক্ষা করেছেন বিনা মূল্যে।

পারভীনের স্বামী সোলায়মান বলেন, বাচ্চা পেটে আসার পরেই স্বাস্থ্যকেন্দ্র থেকে একটা বই দিসিল। কবে কবে স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে পরীক্ষা করাতে যেতে হবে, তা লেখা ছিল। ইউনিয়নের স্বাস্থ্যকর্মী নিয়মিত খোজ নিচ্ছেন। আলট্রাসনোগ্রাফিসহ কয়েকটা পরীক্ষা ফ্রিতে করে দিসে।

গর্ভবতীর গয়নায় স্বাস্থ্যনির্দেশনা

উপজেলার প্রত্যেক গর্ভবতী নারীকে গর্ভবতীর গয়না: মা ও শিশু স্বাস্থ্য সহায়িকা নামের বই দেয়া হচ্ছে। এতে প্রসব-পরবর্তী ও প্রসব-পূর্ববর্তী করণীয় সম্পর্কে সহজ ভাষায় ও চিত্রের মাধ্যমে তথ্য দেয়া রয়েছে। প্রসবের আগে চারবার পরিদর্শনে আসা মায়েদের স্বাস্থ্যবিষয়ক তথ্য, ব্যবস্থাপত্র (প্রেসক্রিপশন) বইয়ে লিপিবদ্ধ করা হয়।

সিংহশ্রী ইউনিয়নের হাড়িয়াদী গ্রামের ফাতেমা খাতুন সন্তানসম্ভবা। তার বয়স ৪১ বছর। তাকে ঝুঁকিপূর্ণ গর্ভবতী হিসেবে চিহ্নিত করা হয়েছে।

ফারজানার স্বামী আয়নাল হক বলেন, তিনবার স্বাস্থ্যকেন্দ্রে নিয়া গেসি। অনেকগুলা টেস্ট করাইসে কোনো টাকা নেয় নাই। আমরা গরিব মানুষ, এতটুকু সেবা পাইসি তাতেই খুশি।

গর্ভবতী মায়েদের পূর্ণাঙ্গ শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫৪০ টাকা লাগে। এটা বিনা মূল্যে করা হয়।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুর রহিম বলেন, প্রতিটি ইউনিয়নে ১৮ জন করে পুরো উপজেলায় মোট ১৯৮ জন দাইকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সফটওয়্যারে ইউনিয়নভিত্তিক স্বেচ্ছায় রক্তদাতাদের একটি তালিকাও যুক্ত করা হয়েছে। গর্ভবতীদের অগ্রাধিকার দিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সৈয়দা জোহরা তাজউদ্দীন মা ও শিশু স্বাস্থ্য কর্নার খোলা হয়েছে।

সচেতনতা বেড়েছে

ইনোভেশন ফর পোভার্টি অ্যাকশন নামের একটি বেসরকারি প্রতিষ্ঠান ২০১৭ ও ২০১৯ সালে কাপাসিয়া উপজেলার গর্ভবতী নারীদের সচেতনতা বিষয়ে জরিপ চালায়।

তাতে দেখা যায়, মাতৃমৃত্যুমুক্ত কাপাসিয়া কার্যক্রমের ফলে গর্ভবতী নারীদের মধ্যে সচেতনতা বেড়েছে। যেমন ২০১৭ সালে কেউ চিকিৎসাপত্র সংরক্ষণ করতেন না। ২০১৯ সালে দেখা যায়, ৯৭ শতাংশ গর্ভবতী মা চিকিৎসাপত্র সংরক্ষণ করেন। ২০১৭ সালে প্রসব–পূর্ববর্তী সেবা সম্পর্কে জানতেন ২৬ শতাংশ, দুই বছরে তা বেড়ে দাঁড়িয়েছে ৯৫ শতাংশে।

উপজেলায় এই কার্যক্রম চালাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান করতে মানবিক সহায়তা নামে একটি তহবিল গঠন করা হয়েছে। কাপাসিয়া উপজেলায় কর্মরত এক হাজার ৭০০ জন সরকারি কর্মকর্তা-কর্মচারীর বেতন থেকে দৈনিক এক টাকা করে এই তহবিলে জমা হয়। তহবিল থেকে মুঠোফোনের এসএমএস, ভয়েস কল, গর্ভবতীর পরীক্ষা-নিরীক্ষা, কিছু ক্ষেত্রে সিজারের (অস্ত্রোপচারে সন্তান জন্ম) খরচ মেটানো হয়। বর্তমানে তহবিলে ১১ লাখ টাকা জমা রয়েছে।

বিশ্বমঞ্চে কাপাসিয়া মডেল

জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ) অর্থায়নে মাতৃমৃত্যু কমাতে জনসংখ্যা ও প্রজননস্বাস্থ্যবিষয়ক একটি প্রকল্প বাস্তবায়ন করছে জনসংখ্যা বেশি এমন ২৭টি দেশের মোর্চা পার্টনার্স ইন পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (পিপিডি)। জনসংখ্যা, পরিবার পরিকল্পনা ও প্রজননস্বাস্থ্য বিষয়ে ২০২০ সালে বাংলাদেশের সর্বোত্তম অনুশীলনের (বেস্ট প্র্যাকটিস) মনোনয়ন চায় পিপিডি। সরকার মাতৃমৃত্যুমুক্ত কাপাসিয়া মডেলটি বেস্ট প্র্যাকটিস হিসেবে মনোনয়ন দিয়েছেন।

**Link**

**https://shampratikdeshkal.com/district-news/news/210543881/%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%83%E0%A6%AE%E0%A7%83%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%AF%E0%A7%81-%E0%A6%95%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8B%E0%A6%B0-%E0%A6%B8%E0%A6%AB%E0%A6%B2%E0%A6%A4%E0%A6%BE--%E0%A6%95%E0%A6%BE%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AE%E0%A6%A1%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%82%E0%A6%98%E0%A7%87%E0%A6%B0-%E0%A7%A8%E0%A7%AD-%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B6%E0%A7%87**

## বিনা চিকিৎসায় মৃত্যু সজ্জায় বীর মুক্তিযোদ্ধা মশ্রব

সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার ৭১ রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা বিশিষ্ট বাউল শিল্পী মশ্রব আলী টাকার অভাবে বিনা চিকিৎসায় এখন মৃত্যু সজ্জায়।

তিনি সদর ইউনিয়নের মধ্য তাহিরপুর গ্রামের বাসিন্দা। মুক্তিযোদ্ধা মশ্রবের সনদ নং ১৭১৭৬২, মুক্তিবার্তা নং (লাল বই) ০৫০২০৮০১৯৫ ও গেজেট নং ৩০৭৮।

দেশমাতৃকার টানে ১৯৭১ সালে জীবন বাজি রেখে মুক্তিযুদ্ধে ঝাপিয়ে দেশ স্বাধীন করা ওই মুক্তিযোদ্ধা গত পাঁচ বছর ধরে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে শারীরিক ক্ষমতা হারিয়ে চিকিৎসার অভাবে বিছানায় পড়েছেন। এখন মৃতুর প্রহর গুনছেন তাহিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মুক্তিযোদ্ধা কর্নারের বিছানায়। উন্নত চিকিৎসা করালে হয় তো তিনি আরো কিছু দিন এই পৃথিবীর আলো বাতাসে সন্তানদের সাথে বাচঁতে পারতেন।

তিনি পাঁচ সন্তানের জনক। তার মধ্যে তিন মেয়েকে বিয়ে দেয়া হয়েছে। আর দুই ছেলের সাথে তিনি আছেন।

গত সোমবার (২৬ এপ্রিল) অসুস্থ মুক্তিযোদ্ধা মশ্রব আলীর ছেলে আশরাফুল ইসলাম সামাজিক যোগাযোগ মাধ্যমে তার অসুস্থ্য বাবার জন্য সবার কাছে দোয়া চেয়েছেন।

তিনি জানান, টাকার অভাবে আমার বাবাকে ভালো চিকিৎসা করাতে পারছি না। আর চিকিৎসা সহায়তাও পাচ্ছি না। ব্যাংক ও এনজিও থেকে লোন নিয়ে বাবার চিকিৎসা করে এখন আর পারছি না টাকার জন্য।

তিনি সুনামগঞ্জ জেলা প্রশাসক ও তাহিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট সাহায্যের আবেদন জানিয়েছেন।

স্থানীয় এলাকাবাসী ও পরিবার জানান, দেশের জন্য জীবনবাজী রেখে যুদ্ধ করেছেন তিনি। তার এক ভাই শহীদ হয়েছেন মুক্তিযুদ্ধে। পরিবারের লোকজন ও গ্রামের অনেকেই মাঝে মধ্যে গভীর রাত পর্যন্ত মুগ্ধ হয়ে তার মুখে মুক্তিযুদ্ধের গল্প শুনতেন। এসব গল্পের শেষে কখনো কখনো নিজের জীবনের হতাশার গল্পও ফুটে উঠতো। আচরণ ও কাজে তিনি ছিলেন নিখাদ একজন ভদ্রলোক। সেই মানুষটি এখন বার্ধক্যসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মৃত্যুর প্রহর গুনছেন।

বীর মুক্তিযোদ্ধা ও সাবেক তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার রৌজ আলী জানান, একজন বীর মুক্তিযোদ্ধা টাকার অভাবে বিনা চিকিৎসায় ধুকে ধুকে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে তা মেনে নেয়া যায় না। আমি আমার সহযোদ্ধার সুচিকিৎসার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সুনামগঞ্জ জেলা প্রশাসক ও তাহিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট দাবি জানাই।

**Link**
**https://shampratikdeshkal.com/district-news/news/210443661/%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BF%E0%A7%8E%E0%A6%B8%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%AE%E0%A7%83%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%AF%E0%A7%81%E0%A6%B6%E0%A6%AF%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%AC%E0%A7%80%E0%A6%B0-%E0%A6%AE%E0%A7%81%E0%A6%95%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%BE-**

**%E0%A6%AE%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AC-%E0%A6%86%E0%A6%B2%E0%A7%80**

**সুমাইয়ার ডাক্তার হওয়ার স্বপ্ন পূরণ করলেন চাঁদপুরের জেলা প্রশাসক**

মেধাকে কাজে লাগিয়ে উদ্দেশ্য ও লক্ষ্য ঠিক রেখে পরিশ্রম করলে তা কখনো বিফলে যায় না। কোনো না কোনো ভাবে সেটি আলোর মুখ দেখবেই। তবে এ ক্ষেত্রে হতাশ না হয়ে চেষ্টা চালিয়ে যাবার কোনো বিকল্প নেই। চাঁদপুরের এক মেধাবী শিক্ষার্থী সেটিই প্রমান করলেন।

চাঁদপুর সদর উপজেলার উত্তর মৈশাদি ইউনিয়নের শিক্ষার্থী সুমাইয়া আক্তার রুপা সম্প্রতি ২০২০-২১ এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করেন। কিন্তু মেডিক্যালে ভর্তির জন্য প্রয়োজনীয় অর্থ না থাকায় তার ডাক্তার হওয়ার স্বপ্ন অনেকটাই অনিশ্চিত হয়ে পরে। এ অবস্থায় সে থেমে না গিয়ে স্বপ্নবৃক্ষের যত্ন নিতে থাকে।

রুপা আবেদনপত্রের মাধ্যমে চাঁদপুরে জেলা প্রশাসক বরাবর সাহায্য প্রার্থনা করেন। বিষয়টি জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশের নজরে আসলে তিনি মানবতার ডাকে সাড়া দিয়ে সাহায্যের হাত বাড়িয়ে দেন। ফলে রুপার মেডিক্যালে ভর্তি হওয়া ও পড়াশোনা করার সুযোগ সৃষ্টি হচ্ছে। সেই সাথে পূরণ হচ্ছে তার স্বপ্ন। গত রবিবার (২৫ এপ্রিল) চাঁদপুর জেলা প্রশাসকের পক্ষ থেকে রুপাকে সহযোগিতা করা হয়।

খোঁজ নিয়ে জানা যায়, চাঁদপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়ানোর একটি ধারাবাহিক প্রক্রিয়া শুরু হয়েছে। বর্তমান ডিসির আগের ডিসিও প্রবাসী ও দেশের লোকজনের সহযোগিতা নিয়ে বেশ কয়েকজন মেধাবীর শুরু থেকে শেষ পর্যন্ত শিক্ষার ব্যয়ভার গ্রহণ করেছিলেন। এদের মধ্যে অনেকেই এখন শিক্ষা জীবন সমাপ্তের দিকে। তবে ওইসব শিক্ষার্থীদের সাথে শর্তছিলো তারাও প্রতিষ্ঠিত হয়ে যেন মেধাবীর দায়িত্ব গ্রহণ করেন।

**Link**
**https://shampratikdeshkal.com/district-news/news/210443489/%E0%A6%B8%E0%A7%81%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%87%E0%A6%AF%E0%A6%BC%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%B6%E0%A7%87-%E0%A6%9A%E0%A6%BE%E0%A6%81%E0%A6%A6%E0%A6%AA%E0%A7%81%E0%A6%B0%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%9C%E0%A7%87%E0%A6%B2%E0%A6%BE-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%B6%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%95**